
দৈনিক ইনকিলাব

35

তারিখ ... OCT. 10 19..
পৃষ্ঠা ১ ... কলাম ৩ ......

# ঢা. বি. ক্যাম্পাসে জাঃনগর বিশ্ববিদ্যালয় ছাত্র-ছাত্রীদের মানববন্ধন কর্মসূচী পালন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের আন্দোলনরত ছাত্র-ছাত্রীরা তাদের দাবী আদায়ের লক্ষ্যে গতকাল (শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মানববন্ধন কর্মসূচী পালন করেছে। গত মাসের ৩০ তারিখে বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ হয়ে যাবার পর এর আগে তারা ঢাঃ বিঃ ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল, সমাবেশ, শিক্ষামন্ত্রীর কাছে স্মারকলিপি প্রদানসহ প্রতীক অনশন কর্মসূচী পালন করে। গতকাল সর্বশেষ আন্দোলনরত ছাত্র-ছাত্রীরা ঢাঃ বিঃ কলাভবনের সামনে মানববন্ধন কর্মসূচী পালন করেছে। বিভিন্ন ব্যানার ও ফেস্টুন সম্বলিত প্রায় শতাধিক ছাত্র-ছাত্রী গতকাল বেলা ১২টা থেকে ১২টা ১৩ মিনিট পর্যন্ত এ মানববন্ধন কর্মসূচীতে অংশ নেয়। এতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের আন্দোলনকারীরা ছাড়াও বাম ছাত্র সংগঠনের কেন্দ্রীয় বেশ কিছু নেতা-কর্মীও একাত্মতা ঘোষণা করে অংশ নেয়। বর্ধিত ভর্তি ফি প্রতিরোধ পরিষদ মূলত ফি প্রত্যাহারের দাবীতে এবং পুলিশী হামলার প্রতিবাদে এ আন্দোলন কর্মসূচী পালন করছে। ক্যাম্পাসস্থ কয়েকটি বাম ছাত্র সংগঠন এতে নেতৃত্ব দিচ্ছে। গত মাসের ৩০ তারিখ ক্যাম্পাসের উদ্ভূত পরিস্থিতির অজুহাতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ক্যাম্পাস অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষা করলে আন্দোলনকারীরা ঢাকাতে আশ্রয় নেয় এবং আন্দোলন কর্মসূচী অব্যাহত রাখে। সর্বশেষ পাওয়া তথ্যানুযায়ী জানা গেছে যে, জাঃ বিঃ ক্যাম্পাস পূজার ছুটির আগে খোলার আর কোন সম্ভাবনা নেই। এছাড়া ইতোমধ্যে প্রথম বর্ষের ভর্তি কার্যক্রমও (মেধা তালিকা থেকে) প্রায় শেষের পথে।



*ইনকিলাব ঃ দ্রুত ক্যাম্পাস খুলে দেয়াসহ ক্যাম্পাসে পুলিশী হামলার প্রতিবাদে বর্ধিত ফি প্রতিরোধ পরিষদের ডাকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ে মানববন্ধন কর্মসূচী পালন করে।*